

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৫৮

আমবাসা, ২১ নভেম্বর, ২০২৩

পশ্চিম বলরাম পথগায়েতে বিকশিত ভারত সংকল্প যাত্রার সূচনা

কেন্দ্রীয় সরকার সব অংশের মানুষের কল্যাণে

কাজ করছে : কেন্দ্রীয় সামাজিক ন্যায় প্রতিমন্ত্রী

কেন্দ্রীয় সরকার সব অংশের মানুষের কল্যাণে কাজ করছে। এখন বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুবিধা প্রকৃত সুবিধাভোগীদের কাছে পৌছে দেওয়া হচ্ছে। এজন্য কারোর সুপারিশের প্রয়োজন হয় না। আজ আমবাসা রাজ্যের পশ্চিম বলরাম পথগায়েতে অফিস প্রাঙ্গণে বিকশিত ভারত সংকল্প যাত্রার সূচনা করে কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক একথা বলেন। রাজ্যের পশ্চিম বলরাম পথগায়েতে ও বলরাম ভিলেজে আজ এই যাত্রার সূচনা হয়েছে। অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বলেন, স্বসহায়ক দল গঠনের মধ্য দিয়ে মহিলারা এখন অনেক বেশি স্বাবলম্বী। এতে গার্হস্থ্য হিংসার পরিমাণ আগের থেকে অনেক কমেছে। মহিলারা স্বাবলম্বী হলে সমাজে ইতিবাচক প্রভাব পড়ে। তিনি বলেন, দেশের প্রত্যেকটি মানুষের কাছে কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুবিধা পৌছাচ্ছে কিনা তা সুনিশ্চিত করতে এই বিকশিত ভারত সংকল্প যাত্রার সূচনা করা হয়েছে। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন জেলার অতিরিক্ত জেলাশাসক ও সমাহৃতা বিশ্বজিৎ পাল।

অনুষ্ঠানে বিকশিত ভারত সংকল্প যাত্রার শপথবাক্য পাঠ করা হয়। অনুষ্ঠানে আমবাসা মহকুমা প্রশাসনের স্টলে ২৮ জনকে ইনকাম সার্টিফিকেট প্রদান করা হয়। এছাড়া এসটি, এসসি, ওবিসি ইত্যাদি সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। অনুষ্ঠানের শুরুতে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী অন্নপ্রাশন ও গোধ ভরাই অনুষ্ঠানে শিশুদের মিষ্টান্ন খাওয়ান। তিনি বিভিন্ন দপ্তরের স্টল পরিদর্শন করেন এবং এই স্টলগুলি থেকে কি কি পরিষেবা মানুষকে দেওয়া হচ্ছে সে সম্পর্কে খোঁজখবর নেন। অনুষ্ঠানে বিশিষ্ট অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন ধলাই জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি অনাদি সরকার, আমবাসা পথগায়েতে সমিতির ভাইস চেয়ারম্যান অরুণ দেব, জিলা পরিষদের শিক্ষা, স্বাস্থ্য, যুব বিষয়ক ও ক্রীড়া স্থায়ী কমিটির সভাপতি মৃদুল দত্ত, আমবাসা রাজ্যের বিডিও মুনমুন দেববর্মা ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বলরাম পথগায়েতের প্রধান এন মগ।
